দৈনিক
ইত্তেফাক

তারিখ ~~04 NOV 2016~~
পৃষ্ঠা ৩ কলাম ৬
05 NOV 2016

# গোপালগঞ্জ বশেমুরবিপ্রবি'র ডিইএফ ও জি ইউনিটের ভর্তি পরীক্ষা ৪ ও ৫ নভেম্বর

■ গোপালগঞ্জ প্রতিনিধি

গোপালগঞ্জ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ কর্মকর্তা মোঃ মাহবুবুল আলম এ তথ্য জানিয়েছেন। গোপালগঞ্জ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০১৬-১৭ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রথম বর্ষের ডি ও ই ইউনিটের ভর্তি পরীক্ষা আগামীকাল ৪ নভেম্বর এবং পরদিন ৫ নভেম্বর এফ ও জি ইউনিটের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

বিশ্ববিদ্যালয় ক্যাম্প্যাসসহ গোপালগঞ্জ শহরের ৫টি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রতিষ্ঠানসমূহ হলো, বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস, সরকারি বঙ্গবন্ধু কলেজ, শেখ ফজিলাতুন্নেসা সরকারি মহিলা কলেজ, শেখ হাসিনা স্কুল এন্ড কলেজ, গোপালগঞ্জ সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ। এছাড়া ভর্তি পরীক্ষা ও আসন বিন্যাস সংক্রান্ত বিস্তারিত তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.bsmrstu.edu.bd থেকে জানা যাবে।